

বাংলাদেশ ট্যারিফ কমিশন



সেইফগার্ডস কার্যক্রম SAFEGUARDS MEASURES

www.btc.gov.bd

info@btc.gov.bd

সেইফগার্ডস কার্যক্রম

SAFEGUARDS MEASURES

মুক্ত বাজার অর্থনীতির ফলে সৃষ্ট প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা একদিকে যেমন রাষ্ট্রগুলোকে বিশ্ব বাণিজ্যে টিকে থাকার সুযোগ সৃষ্টি করে দিয়েছে, তেমনি অনেক সময় এই প্রতিযোগিতার কারণে স্বল্প বাণিজ্য ক্ষমতাসম্পন্ন দেশগুলোর দেশীয় শিল্প ক্ষতিগ্রস্ত হচ্ছে। প্রতিযোগিতার এসব ক্ষতিকর প্রভাব থেকে দেশীয় উৎপাদনকারীদের রক্ষা করার জন্য বাণিজ্য প্রতিবিধান (Trade Remedy) আইন ব্যবহার করা হয়। যদি বাংলাদেশে কোন আমদানিকৃত পণ্যের পরিমাণ এত বেশী হয় যে তা কোন দেশীয় শিল্পকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে বা ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা দেখা দেয়, তবে বাংলাদেশ শুল্ক আইন, ১৯৬৯ (IV) এর ধারা ১৮ই এর ক্ষমতাবলে প্রণীত সেইফগার্ড আইনের আওতায় সরকার বাংলাদেশে উক্ত পণ্যের আমদানি সাময়িকভাবে নিয়ন্ত্রণ করে উক্ত দেশীয় শিল্পকে রক্ষা করার ব্যবস্থা করতে পারবে।

১.০০ সেইফগার্ডস (Safeguards) কি?

- কোন পণ্য আমদানির পরিমাণ যদি অপ্রত্যাশিত হারে বৃদ্ধি পায় তবে তা দেশীয় শিল্প প্রতিষ্ঠানের স্বার্থহানির কারণ অথবা স্বার্থহানির হুমকির কারণ হয়ে দাঁড়াতে পারে এবং এক্ষেত্রে দেশীয় উৎপাদনকারীদের লোকসানের হাত থেকে রক্ষা করতে সাময়িক সংরক্ষণ ব্যবস্থা হিসেবে সরকার যে পদক্ষেপ গ্রহণ করে তাকে সেইফগার্ড মেজারস বা সেইফগার্ড শুল্ক বলা হয়।

২.০০ সেইফগার্ড শুল্ক আরোপের পূর্বশর্ত

- বাংলাদেশে এতদসংক্রান্ত আইন অনুযায়ী নিম্নলিখিত তিনটি বিষয় নিশ্চিত হওয়া সাপেক্ষে সেইফগার্ড শুল্ক আরোপ করা যাবে: (১) বর্ধিত আমদানি; (২) দেশীয় শিল্পের স্বার্থহানি অথবা স্বার্থহানির হুমকি; এবং (৩) আমদানির ও কথিত স্বার্থহানি বা স্বার্থহানির হুমকির মধ্যে কার্যকারণ সম্পর্ক (Causal Link)। আইন অনুযায়ী সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ (নিম্নে ৩.০০) দেশীয় শিল্প প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে তদন্ত কাজ পরিচালনার মাধ্যমে উপর্যুক্ত তিনটি সম্বন্ধে নিশ্চিত হবে।

৩.০০ দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ বলতে কাকে বুঝায়?

- সেইফগার্ড শুল্ক বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ ট্যারিফ কমিশন (Bangladesh Tariff Commission) এর চেয়ারম্যানকে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ (Designated Authority) হিসাবে নিয়োগ করেছে।

৪.০০ তদন্ত আরম্ভকরণ

- অনুরূপ পণ্য বা প্রত্যক্ষভাবে প্রতিযোগী পণ্যের দেশীয় উৎপাদনকারী কর্তৃক অথবা তার পক্ষে দাখিলকৃত লিখিত আবেদনপত্র প্রাপ্তির পর সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ বাংলাদেশে কোন পণ্যের বর্ধিত আমদানির প্রভাবে দেশীয় শিল্পের স্বার্থহানি বা স্বার্থহানির হুমকির অস্তিত্ব নির্ণয়ের জন্য তদন্ত আরম্ভ করবে।

৫.০০ সাময়িক শুল্ক আরোপ

- সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ তদন্ত আরম্ভ করার পর বর্ধিত আমদানির প্রভাবে দেশীয় শিল্পের স্বার্থহানি বা স্বার্থহানির হুমকি সম্পর্কিত অভিযোগের যথার্থতা প্রাথমিকভাবে প্রমানিত হলে প্রাথমিক তদন্ত প্রতিবেদন প্রণয়ন করবে। সরকার প্রাথমিক তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সাময়িক শুল্ক আরোপ করতে পারবে এবং এরূপ শুল্ক যে তারিখে আরোপ করা হবে উক্ত তারিখ হতে দুইশত দিবসের বেশী সময়কালের জন্য কার্যকর থাকবে না।

৫.০০ শুল্ক আরোপ

- সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ তদন্ত শেষে তদন্তাধীন পণ্যের বর্ধিত আমদানি দেশীয় শিল্পের স্বার্থহানির কারণ হয়েছে কিনা অথবা স্বার্থহানির হুমকি সৃষ্টি করেছে কিনা এবং বর্ধিত আমদানি ও স্বার্থহানি অথবা স্বার্থহানির হুমকির মধ্যে কার্যকারণ সম্পর্ক রয়েছে কিনা তা চূড়ান্তভাবে নিরূপণ করবে এবং সরকারের নিকট চূড়ান্ত প্রতিবেদন পেশ করবে।
- সরকার চূড়ান্ত প্রতিবেদনের আওতাভুক্ত পণ্য বাংলাদেশে আমদানির উপর সেইফগার্ড শুল্ক আরোপ করতে পারবে। তবে এই শুল্কের পরিমাণ দেশীয় শিল্পের স্বার্থহানি রোধ বা দূরীকরণ এবং ইতিবাচক সমন্বয়ের জন্য যে পরিমাণ পর্যন্ত উপযুক্ত তার অধিক হবে না।
- অপ্রত্যাশিত আমদানি প্রবাহের ফলে বাংলাদেশের নির্দিষ্ট কোন পণ্যের উৎপাদন যদি ক্ষতিগ্রস্ত হয়, তবে সে ক্ষতি পূরণ করতে এবং বাণিজ্য সমন্বয়সাধন করতে যত সময় লাগে কেবল সে সময়কাল পর্যন্ত সেইফগার্ড শুল্ক আরোপ বহাল রাখা যায়। সেইফগার্ড শুল্ক সাধারণত: চার বৎসরের জন্য আরোপ করা যাবে। তবে সেইফগার্ড শুল্কের স্থায়ীত্ব পরিস্থিতি ভেদে আরও চার বৎসরের জন্য বৃদ্ধি করা যাবে এবং উক্ত শুল্কের প্রয়োগকাল উন্নয়নশীল দেশের জন্য আরও দুই বৎসরের জন্য বৃদ্ধি করা যাবে। উল্লেখ্য যে, এক বৎসরের বেশী সময়ের জন্য সেইফগার্ড শুল্ক বহাল রাখতে হলে তা নির্দিষ্ট সময় পর পর পর্যায়ক্রমে শিথিল করতে হবে।

আরো তথ্যের জন্য যোগাযোগঃ

বাংলাদেশ ট্যারিফ কমিশন

প্রথম বার তলা সরকারী অফিস ভবন (১০ম তলা),

সেগুনবাগিচা, ঢাকা-১০০০

দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ ফোনঃ চেয়ারম্যান- ৮৩১৪৫৪২

বাণিজ্য প্রতিবিধান অনুবিভাগঃ ৯৩৩৫৯৯৩, ৯৩৩৫৯৯৪,

৯৩৩৬৪৪৭, ৯৩৩৫৯৩৫

ফ্যাক্সঃ ৮৮-০২-৮৩১৫৬৮৫

ওয়েব পোর্টালঃ www.btc.gov.bd

ই-মেইলঃ info@btc.gov.bd